তারিখ 18 JAN 2018
পৃষ্ঠা ১২ কলাম ২

# বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবে এফবিসিসিআই

■ সমকাল প্রতিবেদক

দেশে উদ্যোক্তা ও দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে আগামীতে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে চায় ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই। এর আগে দক্ষ উদ্যোক্তা তৈরির কাজও শুরু করবে সংগঠনটি। একইসঙ্গে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে দেশে মানসম্মত শিক্ষা নিশ্চিতে গুরুত্ব আরোপ করতেও সরকারের নীতিনির্ধারকদের প্রতি আহ্বান জানিয়েছেন সংগঠনের নেতারা।

গতকাল বুধবার এফবিসিসিআই স্ট্যান্ডিং কমিটি অন এডুকেশনের (মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ) এক সভায় এসব বিষয়ে আলোচনা করেন ব্যবসায়ী নেতারা। রাজধানীর মতিঝিলে সংগঠনের সভাকক্ষে আয়োজিত এ সভায় দেশের বর্তমান শিক্ষা পরিস্থিতি এবং শিক্ষা খাতের সমস্যাবলি নিয়ে আলোচনা করা হয়। শিক্ষা পদ্ধতির মান উন্নয়নে কমিটির সদস্যরা ইউরোপের বিখ্যাত কিছু বিশ্ববিদ্যালয় পরিদর্শনে যাবেন বলেও সভায় জানানো হয়।

সংগঠনের পরিচালকরা বলেন, শিক্ষা খাতে সাধারণ, কারিগরি এবং মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় বিদ্যমান সমস্যাবলি সমাধান করতে হবে। সভায় কমিটির পক্ষ থেকে দেশে এবং বিদেশে চাকরি পাওয়ার ক্ষেত্রে 'দক্ষতা উন্নয়ন' বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়।

কমিটির চেয়ারম্যান সুমন তালুকদারের সভাপতিত্বে সভায় কমিটির ডিরেক্টর ইনচার্জ গোলাম মঈনুদ্দিন উপস্থিত ছিলেন। এফবিসিসিআই সহসভাপতি মো. মুনতাকিম আশরাফসহ কমিটির কো-চেয়ারম্যান ও সদস্যরা বক্তব্য দেন।